তারিখ ………
পৃষ্ঠা … কলাম …

দৈনিক বাংলা

50

# কৃষি বিশ্ববিদ্যালয় ১৩ জানুয়ারী পর্যন্ত বন্ধ থাকবে

**স্টাফ রিপোর্টার ঃ** ময়মনসিংহ, ২৮ ডিসেম্বর।–বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বিশ্ববিদ্যালয় ছুটির মেয়াদ ৩১ ডিসেম্বর থেকে ১৩ জানুয়ারী পর্যন্ত বর্ধিত করেছেন। ১৪ জানুয়ারী বিশ্ববিদ্যালয় খুলবে। বিশ্ববিদ্যালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে আজ এ কথা জানান হয়েছে।

১৩ জানুয়ারী '৯৬ বিকালে সকল আবাসিক হল খুলে দেয়া হবে এবং ১৪ জানুয়ারী হতে ক্লাস শুরু হবে। পূর্ব-ঘোষিত সব পরীক্ষা ১৯ জানুয়ারী পর্যন্ত স্থগিত থাকবে। পুনঃনির্ধারিত সময়সূচী অনুযায়ী বিভিন্ন অনুষদের পরীক্ষাসমূহ ২০ জানুয়ারী হতে শুরু হবে।

কৃষি বিশ্ববিদ্যালয়ের বিরাজমান পরিস্থিতি পর্যালোচনার জন্য আজ বৃহস্পতিবার ভাইস চ্যান্সেলর প্রফেসর ডঃ শাহ মোহাম্মদ ফারুকের সভাপতিত্বে অনুষ্ঠিত উচ্চপর্যায়ের বৈঠকে এ সিদ্ধান্ত গৃহীত হয়।

উল্লেখ্য, ১৬ ডিসেম্বর ক্যাম্পাসে ৩ জন ছাত্রের নির্মমভাবে খুন হওয়ার ঘটনায় কর্তৃপক্ষ ৩১ ডিসেম্বর পর্যন্ত বিশ্ববিদ্যালয় শীতকালীন ছুটি ঘোষণা করেছিলেন।

## ভর্তি পরীক্ষা ২ ফেব্রুয়ারী

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ১৯৯৫-৯৬ শিক্ষাসালের প্রথম বর্ষ স্নাতক শ্রেণীতে ভর্তির আবেদনপত্র সংগ্রহের তারিখ ১০-১-৯৬ পর্যন্ত বর্ধিত করা হয়েছে। একই সাথে আবেদনপত্র জমা দেওয়ার তারিখ ১৪-১-৯৬ বিকাল ৪টা পর্যন্ত পুনঃনির্ধারণ করা হয়েছে। ভর্তির জন্য লিখিত নির্বাচনী পরীক্ষা ২-২-৯৬ তারিখে পুনঃনির্ধারণ করা হয়েছে বলে বিশ্ববিদ্যালয়ের এক প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে।